ঝিনাইদহে ৪৩ বোতল ভারতীয় ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল হতে অবৈধ মাদকদ্রব্য ৪৩ বোতল ভারতীয় ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাব-৬।

আজ শনিবার (২ নভেম্বর) ভোর ৩টায় র্যাব-৬, সিপিসি-২, ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে, ঝিনাইদহ জেলার সদর থানাধীন কেন্দ্রীয় বাস টার্মিনালের সিনহা কনফেকশনারী দোকানের সামনে বটগাছের নিচে কতিপয় মাদক ব্যবসায়ী অবৈধ মাদকদ্রব্য ভাতীয় ফেন্সিডিল ক্রয়-বিক্রয় করার উদ্দেশ্যে অবস্থান করছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে উক্ত আভিযানিক দলটি উক্ত এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে অবৈধ মাদকদ্রব্য ৪৩ বোতল ফেন্সিডিলসহ এক জন মাদক ব্যবসায়ী গ্রেফতার করেছে।

গ্রেপ্তারকৃত আসামী হলেন চুয়াডাঙ্গা জেলার জীবননগর থানার মানিকপুর গ্রামের আব্দুর গফুরের ছেলে মোঃ শরিফুল ইসলাম (৩৩)। এছাড়াও তার নিকট থেকে ১টি মোবাইল ফোন ও নগদ ৯০০ টাকাসহ উদ্ধার করা হয়।

জব্দকৃত আলামত ও গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করে আসামীর বিরুদ্ধে মাদক আইনে মামলা রুজু করা হয়েছে।

ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির আয়োজনে

[redacted]

[redacted] [redacted] [redacted] [

দিবস পালিত

‘সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৫৩তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

আজ শনিবার (০২ নভেম্বর) সকালে সদর উপজেলা পরিষদ চত্বর থেকে জেলা সমবায় কার্যালয়ের আয়োজনে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

ঝিনাইদহ স্টেডিয়ামপাড়া সঞ্চয় ও ঋণদান সমবায় লিমিটেডের সভাপতি জাহিদুজ্জামান মনা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, জেলা সমবায় অফিসার জাফর ইকবাল, সদর উপজেলা সময় অফিসার শামিমা নাছরিন, জেলা সমবায় ইউনিয়নের সভাপতি মিজানুর রহমান।

সেসময় বক্তারা, সমবায়ের দর্শনের যথাযত প্রয়োগ ও বাস্তবায়নের দেশের আর্থিক অবস্থার উন্নতি ও সামাজিক বৈষম্য নিরসন করতে সকলকে কাজ করার আহ্বান জানান।

কোটচাঁদপুরে জাতীয় যুব দিবস পালিত

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ”এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় যুব দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্যাপন উপলক্ষে বর্ণাঢ্য যুব র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০১ নভেম্বর) সকালে উপজেলা প্রসাশন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে

শহরের বিভিন্ন দিক প্রশিক্ষণ শেষে অফিসার্স ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার উঠছে মে। সভাপতিত্ব করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শামসুল আলম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাইফুল ইসলাম শিলু, ফায়েজ আহাম্মেদ অনিক, শাহরিয়ার রহমান অভিক, আলী হাসান প্রমুখ।

সে সময় ১১ জনের মাঝে ৮ লাখ ২০ হাজার টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয়। এ সময় শিক্ষক, ছাত্র, ছাত্রী, উদ্দোক্তা উপজেলা প্রশাসনের কর্মকর্তা সহ নানা শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে শিক্ষার্থীদের মেধাবৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত

শিক্ষার্থীদের মেধা যাচাই, শিক্ষার মান উন্নয়নসহ লেখাপড়ায় উদ্বুদ্ধ করতে ঝিনাইদহে শিশু শিক্ষা নিকেতনের উদ্যোগে মেধা বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০১ নভেম্বর) সকালে শহরের আরাপপুর শিশু শিক্ষা নিকেতনে এ বৃত্তির পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকাল থেকে বিকাল পর্যন্ত ২য় থেকে ৮ম শ্রেণী পর্যন্ত পরীক্ষা গ্রহণ করা হয়।

আয়োজক ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান ও পরিচালক নাছরিন আক্তার জানান, মেধাবৃত্তির এই পরীক্ষায় ঝিনাইদহের ৬ উপজেলা থেকে ৫’শ শিক্ষার্থী অংশ নিয়েছে। আগামী ফেব্রুয়ারি

মাসের প্রথম সপ্তাহে এ পরীক্ষার ফলাফল দেওয়া হবে। ট্যালেন্ট, ১ম, ২য় ও সাধারণ গ্রেডে বৃত্তি পাবে শিক্ষার্থীরা।

অভিবাবক ও শিক্ষার্থীরা জানায়, সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা শেষে শিক্ষার্থীরা জানায়, তারা পরীক্ষার প্রশ্নপত্র ও সার্বিক ব্যবস্থাপনায় সন্তুষ্ট।

ঝিনাইদহে হেফাজত ইসলামের দায়িত্বশীল সম্মেলন ও কমিটি গঠন

ঝিনাইদহে হেফাজত ইসলামের দায়িত্বশীল সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (৩১ অক্টোবর) দুপুরে শহরের ঢাকা কমিউনিটি সেন্টারে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উক্ত সম্মেলনে হেফাজতে ইসলাম ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক মুফতি আরিফ বিল্লাহ কাসেমী এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হেফাজতে ইসলাম বাংলাদেশের যুগ্ম-মহাসচিব মাওলানা আজিজুল হক ইসলামাবাদী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হেফাজতে ইসলাম বাংলাদেশের সাংগঠনিক সম্পাদক মুফতি বশিরুল্লাহ, দপ্তর সম্পাদক মাওলানা আফসার মাহমুদ, হেফাজতে ইসলাম মাগুড়া জেলা শাখার সভাপতি মাওঃ কাজী জাবের বিন মুহসিন, হেফাজতে ইসলাম চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মুফতী মোস্তফা কামাল কাসেমী, হেফাজতে ইসলাম ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম-আহ্বায়ক মাও: ওসমান গণী, সদস্য সচিব মাও: যুবায়ের আহমাদ কাসেমী ও কেন্দ্রীয় ও স্থানীয় নেতৃবৃন্দ।

সম্মেলন শেষে হেফাজতে ইসলাম ঝিনাইদহ জেলা শাখার কমিটি ঘোষণা করা হয়। কমিটিতে সর্বসম্মিক্রমে মুফতী আরিফ বিল্লাহ কাসেমীকে সভাপতি ও মাওলানা ওসমান গণীকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়। এছাড়া সিনিয়র সহ-সভাপতি মাওলানা মিজানুর রহমান, সহ-সাধারন সম্পাদক

যুবায়ের আহমাদ কাসেমী, সাংগঠনিক সম্পাদক মাওলানা সেলিম উদ্দিন, অর্থ সম্পাদক মাওলানা ইলিয়াস, প্রচার সম্পাদক মাওলানা ফারুক নোমানী, দপ্তর সম্পাদক মাওলানা আব্দুল করিম নির্বাচিত হন। বাকী পদে আগামী ২০দিনের মধ্যে পূরণ করা হবে বলে জানান।

ঝিনাইদহে মাসব্যাপী মেয়েদের কারাতে প্রশিক্ষণের সমাপ্তী ও সনদ বিতরণ

ঝিনাইদহে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২৩-২৪ অর্থবছরের আওতায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের মেয়েদের আত্ম-রক্ষার্থে মাসব্যাপী কারাতে প্রশিক্ষণের সমাপ্ত ও সনদ বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩১ অক্টোবর) দুপুরে সদর উপজেলা পরিষদের অডিটোরিয়ামে মাসব্যাপী এ প্রশিক্ষণের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সমাপনী বক্তব্য রাখেন এবং সনদপত্র বিতরণ করেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

সেসময় সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মিজানুর রহমান ও সোতোকান কারাতে দো ঝিনাইদহের পরিচালক প্রশিক্ষক কাজী আলী আহাম্মেদ লিকুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মাসব্যাপী কারাতে প্রশিক্ষণে অংশ নেয় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের চারটি স্কুলের ২৫ জন মেয়ে শিক্ষার্থীর মাঝে সনদ বিতারণ করা হয় ।

গণ বিপ্লবে অর্জিত নতুন বাংলাদেশ গড়তে ঐক্যবদ্ধ থাকার বিকল্প নেই-রাশেদ খাঁন

গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রাশেদ খাঁন বলেছেন, ছাত্র-জনতার আত্মত্যাগ ও গণবিপ্লবের মাধ্যমে আমরা দ্বিতীয় স্বাধীনতা অর্জন করেছি। দেশের মানুষের অধিকার ফিরে এসেছে। ফ্যাসিবাদী আওয়ামী দুঃশাসনের যাতাকালে পিষ্ট জনগণ নতুন করে দেশ বিনির্মাণের স্বপ্ন দেখছে। নতুন বাংলাদেশ গড়তে ও জুলাই বিপ্লবের সফলতা টিকিয়ে রাখতে আমাদের ঐক্যবদ্ধ থাকার বিকল্প নেই।’

আজ বুধবার (৩০ অক্টোবর) নিজ জেলা ঝিনাইদহ সফরকালে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

২২ তারিখের বিএনপি’র রুহুল কবির রিজভি স্বাক্ষরিত এক চিঠি প্রসঙ্গে বলেন ওটা ওনাদের দলের সিদ্ধান্তের ব্যাপার তবে আমরা বিএনপি’র সাাথে যুগপথ আন্দোলন করেছি এবং এখনো ভাল সম্পার্ক বজায় রয়েছে এই সম্পার্ক বজায় থাকতে হয়তো তারা এমন চিঠি দিতে পারে। আমরা জাতীয় সরকার গঠনে একমত আছি আনুপাতিক ভোটেন মাধ্যমে সরকার গঠন চাই আমরা তবে ৩০০সিটেই আমরা প্রার্থী দেব। ঝিনাইদহ আমার জন্মস্থান আমি অত্যন্ত নিম্নবিত্ত সাধারণ পরিবারের সন্তান, আমি আপনাদের মাধ্যমে ঝিনাইদহের সকল মানুষের দোয়া ও সমর্থন চাই। এদিন বিকাল ৪টায় ঝিনাইদহ ফ্যামিলি জোন মিলনায়তনে মতবিনিময় সভার আয়োজন করে গণঅধিকার পরিষদ ঝিনাইদহ জেলা শাখা।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সহ সভাপতি মাজেদুল ইসলাম, ঝিনাইদহ জেলা গণঅধিকার পরিষদের সভাপতি শাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক ইকবাল শহিদ রাজন, যুব অধিকার পরিষদের রাকিবুল হাসান, ছাত্র অধিকার পরিষদের সভাপতি আব্দুল্লাহ আল মামুন, মিশন আলীসহ জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ।

এসময় ঝিনাইদহের বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

এসডিসি সমিতি কোটচাঁদপুর শাখার ম্যানেজারের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুরে সোসাইটি ডেভেলপমেন্ট কমিটি (এসডিসি) সমিতির ম্যানেজার মোঃ নাজমুল হোসেন এর বিরুদ্ধে গ্রাহক হয়রানি ও প্রত্যারনার অভিযোগে সংবাদ সম্মেলন করেন ঐ সমিতির প্রত্যারনার স্বীকার সদস্যর স্বামী মোঃ জুলিফিকার আলী। তিনি উপজেলার তালসার গ্রামের মৃতঃ দরবেশ আলীর ছেলে।

আজ বুধবার সকাল ১১ টায় কোটচাঁদপুর উপজেলা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শুনান মোঃ জুলফিকার আলী।

তিনি তার বক্তব্যে বলেন কোটচাঁদপুর শাখার সোসাইটি ডেভেলপমেন্ট কমিটি (এসডিসি) সমিতির মধ্যে আমার স্ত্রী মোছাঃ সাহারা বেগম চলতি বছরের ফের্রুয়ারী মাসের ২০ তারিখে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়। আমার সন্তানদের বিদেশে কর্মসংস্থানের জন্য সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়ে প্রথম দফায় চলতি বছরের ফের্রুয়ারী মাসের ২২ তারিখে ১ বছরের মেয়াদী ২ ল টাকা ঋণ গ্রহন করেন। তার সদস্য আইডি
(১৩২) এবং আইডি নং (৩৩) পাশ বহি নং (১৬৬২৭)। ১ বছরের মেয়াদকালে ২ ল টাকায় সার্ভিস চার্জ সুদের পরিমাণ সহ মোট ২ ল ২৭ হাজার টাকা পরিশোধ করতে হবে বলে লিখিত চুক্তিপত্র হয়। সমিতির কর্তৃপক্ষ বে-আইনিভাবে ৪ টি ফাঁকা ব্যাংক চেক তাদের হেফাযতে নিয়ে রাখেন। মোট ১২টি কিস্তিতে মাসে ১৯ হাজার টাকা দিয়ে কিস্তি চলতে থাকে। ৬টি কিস্তিতে অর্ধেক টাকা পরিশোধ হয়ে যায়।

এর মধ্যে আমাদের টাকার প্রয়োজন হওয়ার কারণে সমিতির ম্যানেজার মোঃ নাজমুল হোসেন এর সাথে আলাপ আলোচনা করা হলে তিনি পূর্বের ঋণ ও সুদসহ সব টাকা এককালীন অগ্রীম পরিশোধ করার শর্তে আবারও ৩ লক্ষ টাকা দিবেন বলে প্রতিশ্রুতি দেন। আমি তার কথায় সরল বিশ্বাসে উক্ত টাকা ধার দিনা করে পরিশোধ করি, নতুন করে ৩ লক্ষ টাকা

পাওয়ার আশায়। কিন্তু চুক্তি মোতাবেক ১ বছরে ২৭ হাজার টাকা সুদ দেয়ার কথা থাকলেও সমিতির ম্যানেজার আমাদের কাছ থেকে ৪০ হাজার টাকা সুদ গ্রহন করেন। টাকা শোধ হওয়ার পর সমিতির ম্যানেজার প্রত্যারনার আশ্রয় নিয়ে আমাদের কে ঋণের ৩ লক্ষ টাকা না দিয়ে তালবাহানা করতে থাকেন। পরবর্তীতে তিনি জানান আমাদের আর কোন টাকা দেয়া হবে না। সমিতির এমন প্রত্যারনায় ফলে আমরা আর্থিকভাবে খুবই ক্ষতিগ্রস্থ হয়েছি বিধায় সোসাইটি ডেভেলপমেন্ট কমিটি (এসডিসি) সমিতি কোটচাঁদপুর শাখার ম্যানেজারের বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা নিতে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করছি।

অভিযোগের বিষয়ে কথা বলা হয় অভিযুক্ত ম্যানেজার মোঃ নাজমুল হোসেন এর সাথে, তিনি জানান আগের ২ লক্ষ টাকা সুদসহ এককালীন পরিশোধের শর্তে ৩ লক্ষ টাকা দেয়ার কথা ছিল, কিন্তু উনারা টাকা ১ কিস্তিতে পরিশোধ না করে ২ কিস্তিতে পরিশোধ করেন, তাই তাদের আর ঋণ দেয়া সম্ভব হয়নি। তাহলে গ্রহকের সাথে প্রত্যারনা করলেন কেন এমন প্রশ্নে তিনি বলেন এরিয়া কর্তৃক রাজি না থাকায় ঋণ দেয়া সম্ভব হয়নি। এবিষয়ে সমিতির ঝিনাইদহ এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ হাফিজুর রহমান জানান আমি বিষয়টি অবগত আছি তাদের অন্যত্র ঋণ থাকার কারণে আমাদের সমিতির ঋণ দেয়া সম্ভব হয়নি।

কোটচাঁদপুরে আগুনে পুড়ে ৩টি দোকান ছাই

ঝিনাইদহের কোটচাঁদপুরে আগুনে পুড়ে তিনটি দোকান ভূষ্মিভুত হয়ে গেছে। আজ বুধবার (৩০ অক্টোবর) সকাল সাড়ে ৮ টার দিকে উপজেলার ব্রীজ ঘাট এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, ব্রীজঘাট এলাকায় ইউসুফ ইলেকট্রনিক দোকানের বন্ধ ঘর থেকে ধোঁয়া বের হতে দেখা যায়। টিন ও কাঠের দোকান হওয়ায় আগুন দ্রুত চারপাশে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট ঘটনাস্থলে এসে আগুন নিভানোর কাজ শুরু করে। দীর্ঘ ৩৫ মিনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।